

উপজেলা পরিষদ

কচুয়া, চাঁদপুর।

kachua.chandpur.gov.bd

স্মারক নং- ৪৬.০০.১৩৫৮.০০.১১.০০১.২০২২- ৪৭১

তারিখঃ ০৮/০৮/২০২২খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর ২৮/০৭/২০২২খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১১.০০৮.১৬.৪৮২নং স্মারক মূলে প্রদত্ত নির্দেশ এর আলোকে রাজস্ব খাতে সৃজিত উপজেলা পরিষদ, কচুয়া, চাঁদপুর এর কার্যালয়ের জন্য ০১(এক) জন “গাড়ি চালক” শূণ্য পদসমূহ পূরণের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন গ্রেড ও স্কেল	শিক্ষাগত যোগ্যতা
১.	গাড়ি চালক	০১(এক) টি	গ্রেড ১৬তম, স্কেল ৯৩০০-২২৪৯০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)।	১. প্রার্থীকে অষ্টম শ্রেণী পাশ হতে হবে। ২. হালকা গাড়ি চালনার বৈধ লাইসেন্স থাকিতে হইবে।

নিয়োগের শর্তাবলীঃ

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক/বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স (০৮.০৮.২০২২খ্রিস্টাব্দ তারিখে), শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম) উল্লেখসহ প্রার্থীকে উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, চাঁদপুর এর বরাবর আবেদন করতে হবে।
- আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
ক) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ পত্রের সত্যায়িত কপি।
খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ পত্রের মূল কপি।
ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি।
ঙ) জাতীয় পরিচয় পত্র /জন্মসনদের সত্যায়িত ফটোকপি।
চ) হালকা গাড়ি চালনার বৈধ লাইসেন্সের সত্যায়িত ফটোকপি।
ছ) মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রার্থীর পিতা/মাতার নামীয় মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি(মাননীয় প্রধানমন্ত্রী স্বাক্ষরিত)।
জ) এতিম ও প্রতিবন্ধী, উপজাতীয়, আনসার ও ভিডিপি কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র।
ঝ) ছবি ও সনদপত্রাদি সত্যায়নের ক্ষেত্রে নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।
ঞ) আবেদন পত্রের সাথে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, চাঁদপুরের অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হইতে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার সংযুক্ত করতে হবে।
ট) প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সংমিলিত এবং অব্যবহৃত ১০/- (দশ) টাকার ডাকটিকেট যুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপরে পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। প্রার্থীর বয়স ০৮.০৮.২০২২খ্রিস্টাব্দ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য নয় এবং অগ্রিম কপি গ্রহণ করা হবে না।
- আবেদনপত্র আগামী ০১.০৯.২০২২খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার / চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, চাঁদপুর এর কার্যালয়ে সরাসরি/ডাকযোগে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে বাছাইকৃত প্রার্থীকে অবশ্যই মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরিক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টিএ/ডিএ দেয়া হবে না।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদন ফরম কচুয়া উপজেলা ওয়েবসাইট kachua.chandpur.gov.bd এ পাওয়া যাবে।
- কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল পূর্বক তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- এই বিজ্ঞপ্তি জারীকারী কর্তৃপক্ষ যে কোন সময় পূর্বে কোন নোটিশ ছাড়া কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত বিজ্ঞপ্তি বাতিল বা বিজ্ঞপ্তির কোন শর্ত যোজন বা বিয়োজনের ক্ষমতা সংরক্ষণ করেন।


০৮.০৮.২২

মোঃ শাহজাহান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কচুয়া, চাঁদপুর।